# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## চট্টগ্রাম

স্মারক নং-এ-১(৮)/১৪০৩৩(১৫০)/সা: তারিখ : ২৬-১১-২০২৫

# ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ/বিভাগ/স্কুল/হল/দপ্তরে নিম্নোক্ত শূন্যপদসমূহ স্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্তে আবেদন আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক | অনুষদ/বিভাগ/স্কুল/হল/দপ্তর | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল-২০১৫ |
|---|---|---|---|---|
| ১ | রাজনীতি বিজ্ঞান বিভাগ | অফিস পিয়ন-১টি | এস.এস.সি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ২ | বিজয়-২৪ হল | কমনরুম বিয়ারার-১টি | এস.এস.সি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ৩ | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ | অফিস পিয়ন-১টি | এস.এস.সি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ৪ | অতীশ দীপঙ্কর হল | মালী-১টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ৫ | অতীশ দীপঙ্কর হল | পরিচ্ছন্নতা কর্মী-৫টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ৬ | অতীশ দীপঙ্কর হল | নিরাপত্তা প্রহরী-৫টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ৭ | শহীদ ফরহাদ হোসেন হল | মালী-১টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ৮ | শহীদ ফরহাদ হোসেন হল | পরিচ্ছন্নতা কর্মী-৫টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ৯ | শহীদ ফরহাদ হোসেন হল | নিরাপত্তা প্রহরী-৫টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ১০ | নবাব ফয়জুন্নেছা হল | মালী-১টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ১১ | নবাব ফয়জুন্নেছা হল | পরিচ্ছন্নতা কর্মী-৫টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ১২ | নবাব ফয়জুন্নেছা হল | নিরাপত্তা প্রহরী-৫টি | ৮ম শ্রেণি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ১৩ | চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ | ল্যাবরেটরি বিয়ারার-১টি | এস.এস.সি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ১৪ | চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ | অফিস পিয়ন-১টি | এস.এস.সি | ৳ ৮২৫০-২০০১০/- |
| ১৫ | ইতিহাস বিভাগ | অফিস পিয়ন-১টি | এস.এস.সি | ৳ ৮২৫০-২০০১০/- |

**মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্ত অনুসারে কোটা নির্ধারিত থাকবে।**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর অথবা চ. বি. ওয়েবসাইট (www.cu.ac.bd) হতে ০১ (এক) কপি নমুনা ফরম সংগ্রহপূর্বক আগামী ১৮/১২/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০টা হতে দুপুর ৩:৩০ টা) বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ০৬ (ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১ (এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছানো ঝুঁকিপূর্ণ বলে সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো।

মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্যকোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি) গ্রহণ করা হবে না ।

অগ্রণী ব্যাংকের যেকোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর ঠিকানায় প্রদেয় দরখাস্তের ফি বাবদ ৳৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ ও জাতীয়তা সনদের সত্যায়িত ছায়ালিপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোন অর্জিত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকুরি জীবনে কোন পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

কোন অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে পে-অর্ডারসহ দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্যকোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না।

চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

26-11-2025

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

এম-৩৪৩/২৫ (৮"x৩)